

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৪/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আবদুল আলীম  
সিনিয়র প্রতিবেদক  
অপরাধ বিচিত্রা, মডার্ন ম্যানসন  
৫৩ মতিঝিল বা/এ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ আবদুল জলিল চৌধুরী  
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
মার্কেন্টাইল ব্যাংক, হেড অফিস  
দিলকুশা, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৯-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আবদুল আলীম ১৯-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে মার্কেন্টাইল ব্যাংক, হেড অফিসের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আবদুল জলিল চৌধুরী বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- চট্টগ্রাম সিতাকুন্ডে মার্কেন্টাইল ব্যাংকের মাদাম বিবির হাট থেকে মেসার্স রিজেন্ট কর্পোরেশন এর নামে ভূয়া এলসি খুলে ৯ কোটি ৮৪ লাখ ১৫ হাজার টাকা আত্মসাৎ করার অভিযোগ রয়েছে পরিচালক মোঃ শহিদুল হকের বিরুদ্ধে। ব্যাংকটির আত্মবাদ শাখা থেকেও মেসার্স তিতাস এগ্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর বিপরীতে ভূয়া এলসির মাধ্যমে আরও ৯ কোটি ৫৫ লাখ ৩১ হাজার টাকাতুলে নেয়ার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। অপর পরিচালক মোঃ শাহাবুদ্দিন আলম এস এ অয়েল মিলের এম ডি। ওই প্রতিষ্ঠানের বিশেষ নোটিশ ডিপোজিটের হিসাবের বিপরীতে ৫৪ টি লেনদেনের মাধ্যমে ১২০ কোটি ৩৭ লাখ ৫০ হাজার টাকা তুলে নেয়া হয়েছে। অভিযোগ রয়েছে ওই হিসাব স্থিতি না থাকা সত্ত্বেও চেক জমা করলে অর্থ দেয়া হয়। পরিচালক মোঃ শাহাবুদ্দিন আলম এই প্রক্রিয়াতে ১ শত ২৬ কোটি ৭২ লাখ টাকা তুলে নিয়েছেন। বর্ণিত ব্যাপারে আপনার সুস্পষ্ট বক্তব্যের জন্য অনুরোধ করা যাচ্ছে। আপনার বক্তব্যের সমর্থনে সংশ্লিষ্ট কাগজপত্র প্রদানেরও অনুরোধ করা হলো।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৩-০৩-২০১৪ তারিখে মার্কেন্টাইল ব্যাংক, হেড অফিসের চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৮-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৯-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আবদুল আলীম ও প্রতিপক্ষ মার্কেন্টাইল ব্যাংক হেড অফিসের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ আজিজুল বাশার হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্য সুস্পষ্ট নয় বিধায় তা সরবরাহ করা সম্ভব হয়নি।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও প্রতিপক্ষ উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্য সুস্পষ্ট নয়। অভিযোগকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে আবেদন করলে তার প্রার্থিত তথ্য পেতে পারেন মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে তথ্য প্রাপ্তির আবেদন এবং চেয়ারম্যানের পরিবর্তে ব্যবস্থাপনা পরিচালকের নিকট আপীল করার জন্য অভিযোগকারীকে নির্দেশনা দেয়া হলো।
- ২। শুনানীকালে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং আপীল কর্তৃপক্ষ (আরটিআই) কে অবশ্যই হাজির থাকার জন্য নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার